



বাংলাদেশ ব্যাংক  
ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

জাপান-বাংলাদেশ বন্ধুত্বপূর্ণ সম্পর্কের নিদর্শনস্বরূপ জাপান মিন্ট বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত বাংলাদেশী দুই টাকা মূল্যমানের প্রচলিত কয়েন এবং জাপানের ছয়টি প্রচলিত কয়েন সমন্বয়ে প্রস্তুতকৃত স্যুভেনির সেট বাংলাদেশ ব্যাংককে উপহার হিসেবে প্রদান করেছে। মুদ্রা সংগ্রাহকসহ সর্বসাধারণের সংগ্রহের সুবিধার্থে সীমিত পরিমাণে এ কয়েন সেট মিরপুরস্থ বাংলাদেশ ব্যাংক টাকা জাদুঘরের স্যুভেনির বিক্রয় কেন্দ্রে মজুদ আছে। টাকা জাদুঘরের নির্ধারিত প্রদর্শনী সময়ে দর্শনার্থীগণ নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে স্যুভেনির কয়েন সেটটি সংগ্রহ করতে পারবেন। স্যুভেনির কয়েন সেট ক্রয়ের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী প্রযোজ্য হবেঃ

১. একজন ক্রেতা একটি মাত্র স্যুভেনির কয়েন সেট ক্রয় করতে পারবেন। তবে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী ও মুদ্রা/নোট সংগ্রাহকগণ অগ্রাধিকার পাবেন।
২. স্যুভেনির কয়েন সেট ক্রয়ের ক্ষেত্রে ক্রেতাকে তাঁর বৈধ জাতীয় পরিচয়পত্র অথবা স্কুল-কলেজের পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।
৩. প্রতি কয়েন সেটের মূল্য ৳ ৫০০.০০ (টাকা পাঁচশত) মাত্র।

প্রয়োজনে যোগাযোগ করুনঃ

টাকা জাদুঘর  
বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি (২য় তলা)  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
ফোনঃ ০২-৯০২৮৪৫৬  
ই-মেইলঃ taka.museum@bb.org.bd

প্রদর্শনীর সময়ঃ

শনিবার-বুধবার : সকাল ১১.০০ ঘটিকা -বিকাল ৫.০০ ঘটিকা  
শুক্রবার : বিকাল ৪.০০ ঘটিকা-সন্ধ্যা ৭.০০ ঘটিকা  
\*বৃহস্পতি ও সরকারি ছুটির দিনমসূহ : বন্ধ